

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৩০

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ

০৯ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৯১১ তম কমিশন সভা অদ্য ০৯/০৬/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

১। কমিশন অধ্যকার সভায়, Small Capital Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Brain Station 23 PLC (ব্রেইন স্টেশন ২৩ পিএলসি) এর ৫.০০/- কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2022 অনুযায়ী ৫,০০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO এর মাধ্যমে Eligible Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO এর মাধ্যমে ৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি কম্পিউটার ও আইটি(IT) সামগ্রী এবং ইস্যু ব্যবস্থাপনার খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ১লা জুলাই, ২০২৩ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৩ সময়কালের (তিন মাস) আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১.৯২/- টাকা এবং শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share) ১৯.২৮/- টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে LankaBangla Investments Limited।

২। কমিশন অধ্যকার সভায়, Small Capital Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে শর্তসাপেক্ষে, Doar Services PLC (দুয়ার সার্ভিসেস পিএলসি) এর ৫.০০/- কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2022 অনুযায়ী ৫,০০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO এর মাধ্যমে Eligible Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO এর মাধ্যমে ৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি প্রোডাক্ট ডেভেলপমেন্ট (দুয়ার স্কুল ম্যানেজমেন্ট সফটওয়্যার, ডি-কুরিয়ার, কল সেন্টার ও ট্র্যাকিং সিস্টেম ও এআই সফটওয়্যার), ক্লাউড কম্পিউটিং ও আনুষঙ্গিক খরচ সহ ইস্যু ব্যবস্থাপনার খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০ জুন, ২০২৩ অর্থবছরে আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ৪.৮৬/- টাকা এবং শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share) ১৭.৮৫/- টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Alpha Capital Management Limited।

৩। কমিশন অধ্যকার সভায়, Dhaka Electric Supply Company Limited (DESCO) এর ৬০৭.৬৯৩৫১৩০/- কোটি টাকার Irredeemable, Non-Cumulative Preference shares ইস্যুর প্রস্তাব অনুমোদন করেছে। উক্ত সম্পূর্ণ টাকার (৬০৭.৬৯৩৫১৩০/- কোটি টাকা) শেয়ার বাংলাদেশ সরকারের পক্ষে ইস্যু করা হবে এবং উক্ত শেয়ার এর প্রতিনিধিত্ব করবে সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। সেক্ষেত্রে, সরকারকে প্রদত্ত লভ্যাংশের হার হবে মোট মূলধনের শতকরা হারের ওপর ভিত্তি করে অগ্রাধিকার শেয়ার মালিকদের জন্য কর পরবর্তী নিট মুনাফার অনুমিত শেয়ার এর ১৫% অর্থাৎ সরকারের অগ্রাধিকার শেয়ার লভ্যাংশ = { অগ্রাধিকার শেয়ার মূলধন / (সাধারণ শেয়ার মূলধন + অগ্রাধিকার শেয়ার মূলধন) } * কর পরবর্তী নিট মুনাফা ১৫%। উল্লেখ্য যে, সরকার ১৯৯৭ সাল হতে ২০২১ সাল পর্যন্ত বিভিন্ন উন্নয়নে Dhaka Electric Supply Company Limited (DESCO) কে ৬০৭.৬৯৩৫১৩০/- কোটি টাকা দিয়েছে যা এতদিন কোম্পানির আর্থিক বিবরণীতে GOB Equity হিসেবে দেখানো হত।

Muhammad Rezaul Karim
০৯-০৬-২০২৪

মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র